গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | **জুলাই ২০১৯ মাসের এনজিও বিষয়ক সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ** |
| সভাপতি | : | মোছাঃ সুলতানা পারভীন<br>জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২৯-০৭-২০১৯ খ্রিস্টাব্দ। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভার সময় | : | দুপুর- ১২.৩০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' । |

সভাপতি সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র উপস্থাপন করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১ | : | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ।** |
| আলোচনা | : | সভায় উপস্থাপিত জুন ২০১৯ মাসের এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য আছে কি না জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণ কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে মর্মে সভায় অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। |
| আলোচ্যসূচি-২ | : | **আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | আরডিআরএস বাংলাদেশ, কনসার্ন ওয়ান্ড ওয়াইড এর সহযোগিতায় "আর্থিক অন্তর্ভুক্তি এবং উন্নিতকরণের মাধ্যমে নারী ও যুবাদের ক্ষমতায়ন" নামক প্রকল্প কুড়িগ্রাম জেলায় সদর উপজেলা ও উলিপুর উপজেলার ৬টি ইউনিয়নে বাস্তবায়ন করছে। প্রকল্পটি ট্রিকেলআপ এর মাধ্যমে আমেরিকাভিত্তিক সংস্থা মেটলাইফ ফাউন্ডেশন এর আর্থিক সহযোগিতায় পরিচালিত হচ্ছে। দারিদ্রতা এবং বিপদাপন্নতার বিষয়টি বিবেচনায় নিয়ে উক্ত ইউনিয়নগুলো নির্বাচন করা হয়েছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে ১৩০০০ (তের হাজার) দরিদ্র ও অতিদরিদ্র শ্রেনীর নারী ও তাদের পরিবারের আর্থ-সামাজিক উন্নয়ন করা। সাম্প্রতিক বন্যায় আরডিআরএস বাংলাদেশ এর পক্ষ থেকে এ জেলার বিভিন্ন দুর্গত উপজেলায় বন্যার্ত মানুষের সহযোগিতার জন্য হাই এনার্জি বিস্কুট, পানি বিশুদ্ধকরণ মেশিনের মাধ্যমে বিশুদ্ধ পানি, বাঁধ ও রাস্তায় অবস্থানরত বন্যার্ত মানুষের মধ্যে তাবু বিতরণ, রেডিও চিলমারী কর্তৃক বন্যার সতর্ক বার্তা প্রদান, ইয়থ ভলান্টিয়ার মাধ্যমে পানি বন্দি গবাদিপশুদের নিরাপদ স্থানে সরানো, ফেডারেশন ভলান্টিয়ারগণ কর্তৃক সরকারি ও বেসরকারি ত্রাণ বিতরণে সহায়তা প্রদান করা হয়েছে। |
| আলোচ্যসূচি-৩ | : | **ইএসডিও, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | ইএসডিও, কুড়িগ্রামের জেলা সমন্বয়কারী সভায় জানান, ইএসডিও, কুড়িগ্রাম এ জেলার ৯ টি উপজেলার ৭৩টি ইউনিয়নে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করে আসছে। ইএসডিও কর্তৃক বাস্তবায়িত ১. বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প, ২. স্বপ্ন ৩. ডব্লিউটিআরএফ, ৪. রক্ষ, ৫. মাইক্রোফিন্যান্স ৬. এমভিডব্লিউইউএস প্রকল্প এ জেলায় মাঠ পর্যায়ে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। জুন ২০১৯ মাসে বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্পের মাধ্যমে ৪২৩টি উঠান বৈঠক, ৪৬৬টি কাউন্সিলিং, ৩৮টি ইউপি মাসিক সমন্বয় সভা, ৩৮টি ইউপি শৃঙ্খলা কমিটির সভা, ৮৭টি জায়গায় বিভিন্ন এনজিওর মাধ্যমে প্রচারণা, ৬টি এনজিও সমন্বয় সভা, ৪টি উপজেলা শৃঙ্খলা কমিটির সভা অনুঠিত হয়েছে। ২৬১টি মামলা সরাসরি ইউপিতে দায়ের করা হয়েছে। জেলা আদালতে ১৭৩টি মামলা গ্রহণ করা হয়েছে। নিস্পত্তি হয়েছে ৩১৯টি মামলা। ক্ষতিপূরণ আদায় করা হয়েছে ২৮,৩৩,৭৫০/- টাকা। সাম্প্রতিক বন্যায় প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের আর্থিক ও অত্র সংস্থার সার্বিক সহযোগিতায় জেলার নাগেশ্বরী উপজেলায় কচাকাটা, বল্লভেরখাস এবং কেদার ইউনিয়নে ১৬৯০টি পরিবারের জন্য 'Non Food Item' বিতরণ করা হয়েছে। প্রতিটি প্যাকেটের ২৯টি আইটেমের মধ্যে শাড়ি, লুঙ্গি, তোয়ালে, বালতি, সাবান, চাদর ইত্যাদি সলিডারিটি সংস্থার মাধ্যমে বিতরণ করা হয়েছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, পুলিশ বিভাগের সাথে সমন্বয় করে উক্ত ত্রাণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে। |
| আলোচ্যসূচি-৪ | : | **মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | মুসলিম এইড বাংলাদেশ, নাগেশ্বরী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা ৪টি প্রকল্প (১) ক্ষুদ্র ঋণ কার্যক্রম (২) স্যানিটেশন কার্যক্রম (৩) দারিদ্র বিমোচন কার্যক্রম ও (৪) শিক্ষা কার্যক্রম নাগেশ্বরী উপজেলায় বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের মাধ্যমে উপকারভোগীগণের জীবন-মান উন্নত হচ্ছে। ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ২৫জন সদস্যকে ৭,৫৬,০০০/- ঋণ প্রদান করা হয়। সার্ভিস চার্জের হার ১২%। হ্রাস ক্রমানুসারে আদায়ের হার ৯৯%। সাম্প্রতিক বন্যায় উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রায় ৮০,০০০ বন্যা কবলিত মানুষের মাঝে ২,৪০,০০০ প্যাকেট পানি বিশুদ্ধকরণ পাউডার বিতরণ করা হয়েছে। |
| আলোচ্যসূচি-৫ | : | **টিএমএসএস, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি-৬ | : | **কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | কাশিম বাজার স্বাস্থ্য সেবা সংস্থা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, সংস্থা কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বৎসরে বিনা মূল্যে ও স্বল্প মূল্যে ৭,৯৮২ জন রোগীকে সেবা প্রদান করা হয়। মহিলা ৩,২৯৭ জন, পুরুষ ৩,৯৮১ জন ও শিশু ৭০৪ জনকে প্রাথমিক সেবা প্রদান করা হয়। প্রতিবন্ধী ১৫২৭ জন রোগীকে ২০১৮ ও ২০১৯ অর্থবৎসরে বিনামূল্যে ফিজিও থেরাপীসহ অন্যান্য চিকিৎসা সেবা ভূরুঙ্গামারী হতে প্রতিবন্ধী ও সেবা সাহায্য কেন্দ্রের চিকিৎসকের মাধ্যমে ২(দুই) দিন ব্যাপী বংগসোনাহাট, বলদিয়া, কেদার, কচাকাটা ও মাদারগঞ্জে অনুষ্ঠিত হয়। ২০১৯-২০২০ অর্থবছরে জন্য ভিজিডি কার্যক্রমের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর ঢাকা কর্তৃক চুক্তি সম্পাদন করা হয়েছে। ফুলবাড়ী উপজেলার মধ্যে ২০০০ জন উপকারভোগীর মাধ্যমে গণসচেতনামূলক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৭ | : | **ব্যুরো বাংলাদেশ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, তাঁদের সংস্থা কর্তৃক কুড়িগ্রাম জেলাধীন কুড়িগ্রাম সদর/ রাজারহাট/উলিপুর/চিলমারী/নাগেশ্বরী শাখার মাধ্যমে উপকারভোগীদের মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও সংস্থা কর্তৃক পানি ও পয়ঃনিষ্কাশন ঋণ ও পেশাজীবি ঋণ কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-৮ | : | **কেডিএবি, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | কেডিএবি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, কেডিএবি কর্তৃক চিলমারী উপজেলায় ১টি প্রাথমিক ও ১টি মাধ্যমিক বিদ্যালয়ে দেশি-বিদেশি শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। উলিপুর উপজেলায় কুষ্ঠুরোগী পরিবারের সন্তানদের জন্য হোস্টেল এর (আবাসিক) ব্যবস্থা করা হচ্ছে। এলাকার দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্নমাধ্যমিক শিক্ষা ব্যবস্থার নিমিত্ত সংস্থার ক্যাম্পাসে একটি প্রাথমিক ও একটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় পরিচালিত হচ্ছে। কুষ্ঠরোগী পরিবারের অবহেলিত সন্তানদের মাঝে স্টাইপেন্ড প্রদান করা হচ্ছে এবং কুষ্ঠরোগীসহ এলাকার বেকার যুবক-যুবতীদের গার্মেন্টস প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উলিপুর ও চিলমারী উপজেলায় কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের (২০টি কম্পিউটার বিশিষ্ট ল্যাব মাল্টিমিডিয়া সিস্টেমে) মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সংস্থার মেডিকেল বিভাগ কর্তৃক সর্বসাধারণের মাঝে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। |
| আলোচ্যসূচি-৯ | : | **সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | সিডিডিএফ, চিলমারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, জুন ২০১৯ মাসে কিশোরী ক্লাব এর মাসিক সভা এবং কিশোরী ক্লাব এর সদস্যবৃন্দ ও তাদের অভিভাবকদের সাথে তথ্য অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। |
| আলোচ্যসূচি-১০ | : | **টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | টেরে ডেস্ হোমস্ ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, তাদের সংস্থা এ জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় 'মাদার এ্যান্ড চাইল্ড হেলথ্' প্রোগ্রামে কমিউনিটির প্রধান স্টেকহোল্ডার এবং সরকারি স্বাস্থ্য পরিচর্যা শক্তিশালী করার মাধ্যমে কর্ম এলাকার মা ও শিশুস্বাস্থ্য অবস্থার উন্নয়নে (প্রাতিষ্ঠানিক ও গ্রামভিত্তিক) কার্যক্রম বাস্তবায়ন করছে। সাম্প্রতিক বন্যায় সংস্থার পক্ষ থেকে দুর্গত এলাকায় পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বিতরণ করা হয়েছে। |
| আলোচ্যসূচি-১১ | : | **শিশু পল্লী প্লাস, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | শিশু পল্লী প্লাস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী, রাজারহাট ও ভূরুঙ্গামারী উপজেলায় তাদের সংস্থা কর্তৃক আবেদনকৃত মায়েদের বাড়ি পরিদর্শন, তাদের শিশু পল্লী প্লাসের সহায়তা করা, মায়েদের সাথে সভা করা, তাদের ছেলে মেয়েদের শিক্ষা সহায়তা প্রদান করা হয়। বিভিন্ন সরকারি বেসরকারি সেবা সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-১২ | : | **উদ্দীপন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | উদ্দীপন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, তাঁদের সংস্থা ১৯৮৪ সাল থেকে বাংলাদেশের বিভিন্ন জেলায় কার্যক্রম চালিয়ে আসছে। উদ্দীপন এ জেলায় ১১টি শাখা নিয়ে জনগোষ্ঠির আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আর্থসামাজিক অবস্থার ইতিবাচক পরিবর্তন ও নারীদের ক্ষমতায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| আলোচ্যসূচি-১৩ | : | **সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | এরিয়া ম্যানেজার, সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, টিআইবি'র অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটি, কুড়িগ্রাম স্থানীয় পর্যায়ে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করছে। এ লক্ষ্যকে সামনে রেখে সচেতন নাগরিক কমিটি জুন ২০১৯ মাসের নিয়মিত সনাক এর মাসিক সভা, দুর্নীতিবিরোধী চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আন্তর্জাতিক মার্তৃভাষা দিবস পালন, ইয়েস ও ইয়েস ফ্রেন্ডসদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একটি স্টাডি সার্কেল অনুষ্ঠিত হয়েছে। গত ২৫ জুন ২০১৯ তারিখ কুড়িগ্রাম সদর হাসপাতাল চত্বরে ইয়েস গ্রুপ একটি ভ্রাম্যমান তথ্য ও পরামর্শ কেন্দ্র পরিচালনা করে। ঐদিন হাসপাতালে সেবা নিতে আসা ১১৫ জন সেবাগ্রহীতাদের মাঝে হাসপাতালের সেবা ও সেবার বিনিময় মূল্য সমন্বিত তথ্যপত্র বিতরণ করা হয়। এদের মধ্যে ৪৯ জন নারী ও ৬৬ জন পুরুষ। এছাড়া হাসপাতালে ভর্তিকৃত বিভিন্ন ওয়ার্ডের রোগীদের সাথে কথা বলে তাদের সুবিধা-অসুবিধা ও হাসপাতালের সেবা সংক্রান্ত অভিযোগগুলো শোনা হয়, যা পরবর্তীতে সমাধানের জন্য হাসপাতাল কর্তৃপক্ষের সাথে আলোচনা করা হবে। |
| আলোচ্যসূচি-১৪ | : | **ফ্রেন্ডশীপ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | ফ্রেন্ডশীপ বাংলাদেশ, কুড়িগ্রামের জেলা সমন্বয়কারী সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, চিলমারী ও চররাজিবপুর উপজেলার বিভিন্ন দুর্গম চর এলাকার স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের সুবিধাবঞ্চিত শিশু, নারী ও পুরুষকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। অত্র সংস্থার মাধ্যমে চরাঞ্চলের ০১দিন থেকে ১৮ মাস বয়সী সকল শিশুদের ইপিআই কার্যক্রমের আওতায় আনা অব্যাহত রয়েছে। ১২০টি ইপিআই সেশনে ২,২৫৬ জন শিশু ও ৯৫৮ জন নারীকে সেবা প্রদান করা হয়েছে। ভাসমান হাসপাতালের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। বর্তমানে হাসপাতালটি গাইবান্ধার সদর উপজেলার চর বাটিকামারিতে অবস্থান করছে। জুন ২০১৯ মাসে ৩,৬৮০ জন নারী-পুরুষকে সেবা প্রদান করা হয়েছে। যার মধ্যে নারী ৬০% এবং ৪০% পুরুষ। কুড়িগ্রাম সদর, চিলমারী ও চররাজিবপুর উপজেলার দুর্গম চরে সোলার প্যানেল ব্যবহার করে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা হচ্ছে। সংস্থার সকল বাস্তবায়নাধীন প্রকল্পগুলোতে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় গন্যমান্য, সুশীল সমাজ ও ইউনিয়ন পরিষদ নের্তৃবৃন্দের অংশগ্রহণ ও সহযোগিতায় কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা হচ্ছে। বন্যার সময় সংস্থার নিজস্ব নৌকা ত্রাণ কাজে ব্যবহার করা হয়েছে। ১০-১২টি পয়েন্টে মোবাইল চার্জিং এর ব্যবস্থা করা হয়েছে। |

আলোচ্যসূচি-১৫ : **এএফএডি, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : এএফএডি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, সিডিডি এর অর্থায়নে শ্রবণ দৃষ্টি প্রতিবন্ধীতা কার্যক্রমে কুড়িগ্রাম সদর উপজেলার ৫টি ইউনিয়নে থেরাপী সেবা এবং একশন এইড বাংলাদেশ এর অর্থায়নে ফর দ্যা উইমেন বাই দ্যা উইমেন প্রকল্প কুড়িগ্রাম সদর উপজেলার ৭টি ইউনিয়নে বাস্তবায়ন করছে। এএফএডি, কর্তৃক কুড়িগাম সদর উপজেলার পাচগাছি, যাত্রাপুর ও ঘোগাদাহ ইউনিয়নের ৬৫০ টি, চিলমারী উপজেলার রমনা ইউনিয়নে ৩১২ টি ও উলিপুর উপজেলার ১৫০ টি সর্বমোট=১,১১২ টি পরিবারের মাঝে শুকনা খাবার বিতরণ ও ১১৪২ জন ব্যক্তিকে স্বাস্থ্য সেবা প্রদান করেছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।

আলোচ্যসূচি-১৬ : **ব্র্যাক কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ব্র্যাক কুড়িগ্রামের জেলা প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ব্র্যাক ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় কুড়িগ্রাম জেলায় জুন ২০১৯ মাসে ২,৮৫৬ জনকে ৬,৩৪,৬০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ বছর এ পর্যন্ত ১২,৭৩৪ জনকে ৭৩,২২,৪৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ব্র্যাক কুড়িগ্রাম জেলায় ঋণ কার্যক্রম ছাড়াও সামাজিক ক্ষমতায়ন কর্মসূচি, মানবাধিকার ও আইন সহায়তা কর্মসূচি, জেন্ডার জাস্টিস এন্ড ডাইভারসিটি প্রোগ্রাম, ওয়াশ কর্মসূচি, অতিদরিদ্র কর্মসূচি, স্বাস্থ্য পুষ্টি ও জনসংখ্যা কর্মসূচি, টিবি কন্ট্রোল প্রোগ্রাম, ব্র্যাক শিক্ষা কর্মসূচি পরিচালিত হচ্ছে। গত এক মাস যাবৎ কুড়িগ্রাম জেলার বন্যায় রাজারহাট ও ফুলবাড়ি উপজেলায় আংশিকসহ কুড়িগ্রাম সদর, রাজিবপুর, রৌমারী, ভূরুঙ্গামারী, নাগেশ্বরী, উলিপুর, চিলমারী উপজেলা বন্যা কবলিত হওয়ায় ব্র্যাকের সকল কার্যক্রম স্বাভাবিক অবস্থায় পরিচালিত হচ্ছে না। বেশীর ভাগ কর্মী নিজ নিজ কর্মসূচির সুবিধাভোগীদের কাছে গিয়ে তাদের অবস্থার খোজ খবর নিচ্ছেন এবং প্রয়োজনীয় ত্রাণ সামগ্রী জনসাধারনের মাঝে পৌছে দিচ্ছেন।

গত ১৭/০৭/২০১৯ তারিখ থেকে ৩০/০৭/২০১৯ পর্যন্ত ব্র্যাক কুড়িগ্রাম জেলা ও উপজেলা পর্যায়ের অফিস থেকে ত্রাণ বিতরণ করা হয়েছে। তন্মধ্যে কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর, ঘোগাদহ, ভোগডাঙ্গা, হলোখানা, মোগলবাসা ইউনিয়নের ২৭৫ জনকে শুকনো খাবার ও ৩০০ জনকে শুকনো খাবারসহ নগদ ৫০০/-, চিলমারী উপজেলার থানাহাট, রাণীগঞ্জ, রমনা, চিলমারী ইউনিয়নের ৩০০ জনকে শুকনো খাবার ও ৩০০ জনকে শুকনা খাবারসহ নগদ ৫০০/- , নাগেশ্বরী উপজেলার ভিতরবন্দ ও নুনখাওয়া ইউনিয়নে ৩৫০ জনকে শুকনো খাবার, এবং উলিপুর উপজেলার সাহেবের আলগা ইউনিয়নের ৫০০ জনকে শুকনো খাবার বিতরণ করা হয়েছে। উল্লেখ্য ঈদুল আযহা পরবর্তী সময়ে ব্র্যাক জেলা ও উপজেলা প্রশাসনের সহায়তায় উলিপুর ও কুড়িগ্রাম সদর উপজেলার দুইটি ইউনিয়নের প্রত্যেকটিতে ৫৫০ জনকে হাইজিন কিডস ও নগদ অর্থ ব্র্যাকের বিশেষ অনুমোদন সাপেক্ষে প্রদান করা হবে।

আলোচ্যসূচি-১৭ : **ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা**

আলোচনা : ল্যাম্ব হাসপাতাল, নাগেশ্বরী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার আওতাধীন ওয়াল্ড মিশন প্রেয়ার লীগ (ল্যাম্ব হাসপাতাল) কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার ৬টি ইউনিয়নে (নারায়নপুর, নুনখাওয়া, কালিগঞ্জ, বামনডাঙ্গা, কচাকাটা ও বল্লভেরখাস ইউনিয়ন) স্বাস্থ্যকেন্দ্রিক দুর্যোগ ঝুঁকি হ্রাস প্রকল্পের কাজ জানুয়ারি ২০১৭ মাস হতে সম্পাদন করে আসছে। এই প্রকল্পের মাধ্যমে দুর্যোগের ঝুঁকি-হ্রাস, দুর্যোগ সহনশীল জনগোষ্ঠী গঠন, এলাকার লোকদের সচেতনা বৃদ্ধি, CSBA – এর মাধ্যমে গর্ভবতী মায়েদের সচেতনতা বৃদ্ধি, বিকল্প জীবিকায়নে পরামর্শ ও সহায়তা প্রদানসহ বিভিন্ন আপদে ও দুর্যোগে জরুরীভাবে কাজ করে আসছে। চলতি বছরের আকর্ষিক বন্যায় নাগেশ্বরী উপজেলার ৬টি ইউনিয়নে ১৬৯৩ পরিবারের মাঝে শুকনো খাবার হিসেবে ২কেজি চিড়া ও আধা কেজি গুড়, সম্পুরক পুষ্টি ৬০০ শিশুর জন্য, খাবারের প্যাকেট ৯০০ পরিবারের জন্য, ব্যক্তিগত পরিচ্ছন্নতার সামগ্রী ৬০০ কিশোরীর জন্য, ওরস্যালাইন, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ও সিমেন্টের বহনযোগ্য চুলা ৬০০টি বিতরণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

আলোচ্যসূচি-১৮ : **হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল, কুড়িগ্রাম এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশন্যাল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাঁর সংস্থা কর্তৃক '' টেকিং সাকসেসফুল ইনোভেশন টু স্কেল-পাথোয়েস ফর ডিজ্যাবিলিটি-ইনক্লুসিভ গ্র্যাজুয়েশন আউট অফ পোভার্টি প্রজেক্ট'' প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম সদর উপজেলার সকল ইউনিয়ন ও পৌরসভা এবং উলিপুর উপজেলার ০৫টি ইউনিয়ন ও পৌরসভার উপকারভোগী হতদরিদ্র প্রতিবন্ধী পরিবারে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হচ্ছে। এ প্রকল্পের লক্ষ্য হচ্ছে, প্রতিবন্ধী ব্যক্তিরা কাজের ক্ষেত্রে স্বয়ংক্রিয়তা অর্জন করবেন এবং সমাজের বিভিন্ন সুযোগ-সুবিধায় ও কাজে তাদের অন্তর্ভুক্তি বাড়বে। প্রতিবন্ধী ব্যক্তি ও তাদের পরিবার টেকসই জীবিকায়ন কর্মসূচিতে জড়িত হবেন, যা তাদের সম্পদ ও আয় বৃদ্ধিতে সহায়ক হবে। জুন ২০১৯ মাসে কুড়িগ্রাম সদর উপজেলায় ৪৭টি ও উলিপুর উপজেলায় ২৪টি সচেতনতামূলক উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আলোচনার বিষয়বস্তু ছিল 'দুর্যোগের পূর্ব প্রস্তুতি'। সর্বমোট ১৪২২ জন নারী ও ৩২১ জন পুরুষ উঠান বৈঠকগুলোতে উপস্থিত ছিল।

আলোচ্যসূচি-১৯ : **আশা, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না।

আলোচ্যসূচি-২০ : **মেরী স্টোপস ক্লিনিক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : ক্লিনিক ম্যানেজার, মেরী স্টোপস্ ক্লিনিক, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, স্ট্রেংদেনিং এন্ড এক্সপেনডিং কোয়ালিটি রিপ্রোডাকটিভ হেলথ সার্ভিস ইন বাংলাদেশ প্রকল্পের আওতায় দরিদ্র এবং হততদরিদ্র জনগোষ্ঠির মাঝে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রকল্পে জুন ২০১৯ মাসে সেবাগ্রহীতার মাঝে ১১(এগারো) ধরণের পরিবার পরিকল্পনা সামগ্রীসহ প্রয়োজনীয় অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য সকল কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

আলোচ্যসূচি-২১ : **এইড কুমিল্লা'র কার্যক্রম সম্পর্কে আলোচনা।**

আলোচনা : এইড কুমিল্লা'র প্রতিনিধি সভায় জানান, তাদের সংস্থা কর্তৃক নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। এইড কুমিল্লা কর্তৃক নাগেশ্বরী উপজেলায় ৬৪২ টি পরিবার, চিলমারী উপজেলায় ৬৪২ টি পরিবার, রৌমারী উপজেলায় ৬৪২ টি পরিবার ও রাজিবপুর উপজেলায় ৬৪২ টি পরিবারসহ সর্বমোট ২৫৬৮ টি পরিবারের মাঝে শুকনা খাবার বিতরণ।

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-২২ | : | **ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি-২৩ | : | **কাশেম ফাউন্ডেশন এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | কাশেম ফাউন্ডেশন, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কাশেম ফাউন্ডেশন মূলত ৩ টি প্রকল্পের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করে থাকে। মরিয়ম চক্ষু হাসপাতাল, উলিপুর, কুড়িগ্রামে জুন ২০১৯ মাসে ৩,৯১৫ জন চক্ষু রোগীর চিকিৎসা সেবা প্রদান করেছে। ৪১৫ জন ছানি রোগী অপারেশন (কৃত্রিম লেন্স সহ) এবং হতদরিদ্র/ দরিদ্র/ নিম্নমধ্যবিত্ত ৩৭২ জন ছানি রোগীর ছানি অপারেশন (কৃত্রিম লেন্স সহ) করেছে। আলেকজান মেটারনিটি এন্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার জুন ২০১৯ মাসে কুড়িগ্রাম জেলায় ২৪ জন গর্ভবতী মায়ের রেজিস্ট্রেশন, ৯৪ জন গর্ভবতী মায়ের চেক আপ, মোট প্রসব ১৫৭ এবং ১৫৬ জন নবজাতক রেজিস্ট্রেশন করেছে। এছাড়াও দুর্যোগকালীন জরুরী ত্রাণ কার্যক্রমে অত্র সংস্থা যথারীতি অংশগ্রহণ করে থাকে। |
| আলোচ্যসূচি-২৪ | : | **প্রশিকা এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | প্রশিকা, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থার কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-২৫ | : | **সলিডারিটি, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | নির্বাহী পরিচালক, সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্কে জানা গেল না। |
| আলোচ্যসূচি- ২৬ | : | **প্ল্যান ইন্টারন্যাশনাল, বাংলাদেশ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | প্ল্যান ইন্টারন্যাশনাল, বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, বাল্যবিবাহ প্রতিরোধে বিল্ডিং বেটার ফিউচার ফর গালর্স (বিবিএফজি) প্রকল্পটি গত ২০১৭ সালে কুড়িগ্রাম জেলায় একটি কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য কাজ শুরু করে। এ প্রকল্পের লক্ষ্য হচ্ছে, ১৫ বছরের নিচের বাল্যবিবাহের হার শূণ্যের কোটায় নামিয়ে আনা এবং ১৮ বছরের নিচে বাল্যবিবাহের হার এক-তৃতীয়াংশে নামিয়ে আনা। প্রকল্পটির মাধ্যমে বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ এর উপর প্রশিক্ষণ প্রদান, স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থীদের সচেতন করা, স্থানীয় যুবসংগঠন তৈরি ও তাদের কাজে লাগানো, সমাজের সকলকে সচেতন করার লক্ষ্যে নানাবিধ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রকল্পের কার্যক্রমের পাশাপাশি আইনের ৪নং ধারায় বাল্যবিবাহ বন্ধে সরকারি কর্মকর্তা এবং স্থানীয় সরকার প্রতিনিধিদের যে ক্ষমতা দেয়া হয়েছে, সে অনুযায়ী নিজ নিজ দায়িত্ব পালন করার মাধ্যমে কুড়িগ্রাম জেলায় বাল্যবিবাহ বন্ধে গৃহীত কর্মপরিকল্পনাটি বাস্তবায়ন করা সম্ভব হবে মর্মে সভায় জানানো হয়। এ বিষয়ে সভায় সকলের সহযোহিতা কামনা করা হয়। |
| আলোচ্যসূচি-২৭ | : | **টেরে ডেস্ হোমস্ ইতালী, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | প্রকল্প সমন্বয়কারী, টিডিএইচ ইতালী, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলায় ১টি এবং কুড়িগ্রাম পৌরসভাতে ১টিসহ মোট ২টি প্রাথমিক বিদ্যালয়ে ৩১৪ জন ছেলে এবং ৩৬৯ জন মেয়েসহ মোট ৬৮৩ জনকে শিক্ষা সহায়তা উপকরণ যেমন-বই, সাদা কাগজ, রেজিস্টার, কলম, সকল ধরণের পরীক্ষার ফি, সেশন ফি, ভর্তি ফিসহ অন্যান্য শিক্ষা উপকরণ প্রদান কার্যক্রম চলমান আছে। এছাড়া সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-২৮ | : | **সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | সূর্যের হাসি ক্লিনিক, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি-২৯ | : | **সন্ধান এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | সন্ধান, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি-৩০ | : | **এসিডি এর কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | প্রোগ্রাম অফিসার, এসিডির প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি-৩১ | : | **তৃণমূল নারী ফাউন্ডেশন কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | তৃণমূল নারী ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি-৩২ | : | **প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ, রংপুরের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | প্রাকটিক্যাল এ্যাকশন, রংপুরের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি-৩৩ | : | **দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | দি গ্লেনকো ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, তাদের সংস্থা কর্তৃক পরিচালিত ওয়াক ফর লাইফ প্রকল্পে কুড়িগ্রাম সদর হাসপাতালে অর্থোপেডিক বহির্বিভাগে পায়ের পাতা বাঁকা রোগের চিকিৎসা সেবা প্রদান করছে। জুন ২০১৯ মাসে উক্ত কার্যক্রমে প্রত্যক্ষ উপকারভোগী ০২ জন এবং পরোক্ষ উপকারভোগীর সংখ্যা ৮১ জন এবং গত মাসে ১টি প্রচারণা কার্যক্রমের মাধ্যমে ব্যাপক জনগোষ্ঠীকে শিশুদের 'ক্লাবফুট' অথবা মুগুর পা চিকিৎসা সেবা সম্বন্ধে অবগত করা হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-৩৪ | : | **গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা।** |
| আলোচনা | : | গাইবান্ধা গণ স্বাস্থ্য কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম জেলায় উলিপুর উপজেলার বুড়াবুড়ি, সাহেবের আলগা ইউনিয়নে দরিদ্র ও অসহায় মানুষের প্রাথমিক স্বাস্থ্য সেবা কার্যক্রম প্রদান করে আসছে। এছাড়াও ২ টি স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের মাধ্যমে চরাঞ্চলের দরিদ্র ও অসহায় মানুষের প্রাথমিক স্বাস্থ্য সেবা ও শিক্ষা কার্যক্রমে বিভিন্ন ধরণের প্রাথমিক স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত আছে। |
| আলোচ্যসূচি-৩৫ | : | **বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৩৬ | : | **গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের** কার্যক্রম সম্পর্কে আলোচনা |
| আলোচনা : | : | গণউন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, গণ উন্নয়ন কেন্দ্র একটি বেসরকারি উন্নয়ন সংস্থা যা অতি দরিদ্র মানুষের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মানের উন্নয়নের জন্য ১৯৮৫ সাল থেকে কাজ করে আসছে। বর্তমানে উত্তর-পশ্চিমাঞ্চলের ১০টি জেলা- গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড়, কুষ্টিয়া, বগুড়া, জয়পুরহাট জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। দারিদ্র্য ও দুর্যোগপ্রবণ এলাকার মানুষের উন্নয়নের লক্ষ্যে সংস্থা বিভিন্ন কর্মসূচি যেমন-তৃণমূল পর্যায়ে মানুষকে সংগঠিত করা, নেতৃত্ব বিকাশ, সক্ষমতা বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, দুর্যোগ ব্যবস্থাপনা, আয়মূলক কার্যক্রম, প্রতিবন্ধীদের উন্নয়ন, শিশু সুরক্ষা ও জনসচেতনতা সৃষ্টি ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। বর্তমানে এ জেলার কুড়িগ্রাম সদর ও রাজারহাট উপজেলায় ঋণ বিতরণ কর্মসূচি পরিচালনা করছে। |
| আলোচ্যসূচি-৩৭ | : | **এসকেএস ফাউন্ডেশন এর** কার্যক্রম সম্পের্কে আলোচনা। |
| আলোচনা | : | এসকেএস ফাউন্ডেশন, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় সংস্থার কার্যক্রম সম্পর্ক আলোচনা করা সম্ভব হলো না। |
| আলোচ্যসূচি-৩৮ | : | **মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর কার্যক্রম সম্পের্কে আলোচনা।** |
| আলোচনা | : | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, উলিপুর, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় সংস্থার বিস্তারিত কার্যক্রম সম্পর্কে অবহিত করে বলেন, SHOUHARDO-3, SOMMAN, HAPI-II, EQUITY, M4C, ELNHA, CGBV, HUNGER প্রকল্পসমূহ বাস্তবায়ন করে আসছে। SHOUHARDO-3 প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন দুর্যোগ ভলান্টিয়ারদের রিফ্রেসার্স ট্রেইনিং ০৩টি, ইউডিভিদের ত্রৈমাসিক লার্নিং শেয়ারিং মিটিং ৪৪টি এবং সিইভি ত্রৈমাসিক লার্নিং শেয়ারিং মিটিং ১২টি সম্পাদন করা হয়েছে। SHOUHARDO-3 প্রকল্পের আওতায় অতি গরীব পরিবারগুলোর মধ্যে রিং স্লাব সহায়তা এবং জলাবদ্ধতা দূরীকরণের জন্য ০৬টি ইউড্রেন নির্মাণ করা হবে। সাম্প্রতিক বন্যায় মহিদেব যুব সমাজ কল্যান সমিতি কর্তৃক উলিপুর উপজেলার হাতিয়া ও সাহেবের আলগা ইউনিয়নের ৪০০ টি পরিবারের মাঝে নগদ ৪,৫০০ টাকা হারে সর্বমোট ১৮,০০,০০০/- বিতরণ ও হাইজিন কিটস বক্স বিতরণ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। |
| আলোচ্যসূচি-৩৯ | : | **উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস) এর কার্যক্রম সম্পর্কে আলোচনা** |
| আলোচনা | : | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস) এর স্থানীয় প্রতিনিধি সভায় জানান, অত্র সংস্থা ইউরোপীয় ইউনিয়ন ও নিউজ নেট ওয়ার্কের সহযোগীতায় কুড়িগ্রাম জেলায় নারী ও মেয়েদের অধিকার সুরক্ষায় গঠিত বাংলাদেশ হিউম্যান রাইটস ডিফেন্ডার ফোরাম নিয়মিত কাজ করছে। কমিটির সদস্যরা মানবাধিকার রক্ষায় কমিউনিটি পর্যায়ে ভুমিকা রাখছে। ২০১৯ সালের বরাদ্দ বিলম্বের কারণে পরিকল্পিত কার্যক্রম চলতি মাসে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। নারী সাংবাদিকদের ৪(চার) মাসের প্রশিক্ষণের জন্য আগ্রহী নারীদের আবেদনের জন্য সার্কুলার দেয়া হয়েছে। বন্যা দুর্গতদের সাহায্যের জন্য দাতা সংস্থার সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। |
| আলোচ্যসূচি-৪০ | : | **বিবিধঃ**<br>(১) সভাপতি ব্র্যাক, কুড়িগ্রাম কর্তৃক অদ্যকার সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাঁদের সংস্থার কার্যক্রম সম্পর্কে অনিবার্যকারণবশতঃ অবহিত করতে না পারায় তাঁদের কার্যক্রমের উপর প্রস্তুতকৃত প্রেজেন্টেশন আগামী সভায় অপর কোন সংস্থার সাথে উপস্থাপনের জন্য অনুরোধ জানান।<br>(২) আগামী সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণের সর্বসম্মতিক্রমে এইড কুমিল্লা, কুড়িগ্রামকে তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের জন্য অনুরোধ জানান হয়। তবে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় তাদের কার্যক্রমের উপর প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা অর্জন ইত্যাদি বিষয়ে বিশেষভাবে উপস্থাপন করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।<br>(৩) সভাপতি বলেন, এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে Overlapping না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে।<br>(৪) সভাপতি এনজিও পোর্টালে হালনাগাদ তথ্য দ্রুত আপলোড করা এবং সকল সংস্থাকে তাদের স্বীয় কার্যক্রমের প্রতিবেদন প্রতি ইংরেজি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল এবং www.kurigramngos.org.bd ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও সভার কার্যবিবরণী সংগ্রহ এবং কুড়িগ্রাম এনজিও পোর্টালে (www.kurigramngos.org.bd) নিজ ওয়েবপেজে সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত আপলোড করার জন্য অনুরোধ জানান।<br>(৫) প্রতিমাসে যে সংস্থা তাদের সংস্থার কার্যক্রম সম্পর্কে এনজিও বিষয়ক সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করবেন, সেই সংস্থা এনজিও পোর্টালের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করবেন। এ ক্ষেত্রে কুড়িগ্রাম এনজিও পোর্টাল আপলোড সংক্রান্ত গঠিত উপ-কমিটির সদস্য ও সংস্থার প্রতিনিধিগণ তথ্য উপস্থাপনের ক্ষেত্রে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।<br>(৬) সভাপতি বলেন, বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সময় ও দুর্যোগ পরবর্তী সময়ে সরকারি বিভিন্ন বিভাগের পাশাপাশি বে-সরকারি সংস্থা (এনজিও)সমূহ পুনর্বাসন কার্যক্রমে অংশগ্রহণ করে থাকেন। তাই দুর্যোগকালীন ত্রাণ বিতরণের ক্ষেত্রে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ত্রাণ বিতরণ করাসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ জানান । পরবর্তী ফসল ঘরে না আসা পর্যন্ত ঋণের কিস্তি আদায় না করার জন্য পরামর্শ প্রদান করেন।<br>(৭) সভাপতি বলেন, কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত নির্ধারিত বাৎসরিক ফি ৮০০/- টাকা সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং৩৩০০১৪০২৪- জমা প্রদানপূর্বক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ জানান। কিন্তু কিছু সংখ্যক এনজিও/সংস্থা নির্ধারিত বার্ষিক ফি জমা না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।। সভাপতি সংশ্লিষ্ট এনজিও/সংস্থাকে বকেয়াসহ চলতি ২০১৯ সালের নির্ধারিত ফি পরবর্তী সভার পূর্বে জমা প্রদানের জন্য অনুরোধ জানান। |

(৮) সভাপতি বলেন এ জেলায় মোট ৫,৩৪৪ জন ভিক্ষুক রয়েছে, তন্মধ্যে কিছুসংখ্যক ভিক্ষুককে ইতোমধ্যে পুনর্বাসন করা হয়েছে। তিনি জানান, 'ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচী ' নামীয় স্থানীয় সোনালী ব্যাংক লিমিটেড কুড়িগ্রাম শাখায় চলতি হিসাব নং-৫২০৮৪০২০০১৫৬৩ নামীয় একটি হিসাব খোলা হয়েছে। উক্ত হিসাব খাতে সকল সরকারি ও বেসরকারি কর্মকর্তা/কর্মচারিদের ০১(এক) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ জমা করা হচ্ছে। উক্ত হিসাব খাতে ০১ দিনের মূলবেতনের সম-পরিমাণ অর্থ জমা দিয়ে এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | এনজিও বিষয়ক সমন্বয় সভায় নিয়মিতভাবে সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসহ যথাসময়ে যথোপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ২ | সকল সংস্থা কর্তৃক গৃহীত প্রকল্পের বিষয়ে হালনাগাদ তথ্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহিত করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। যথাসময়ে তা এনজিও পোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৩ | প্রতিমাসে যে সংস্থা তাঁদের কার্যক্রম সম্পর্কে এনজিও বিষয়ক সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করবেন, সেই সংস্থা এনজিও পোর্টালে হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করবেন। এ ক্ষেত্রে কুড়িগ্রাম এনজিও পোর্টাল আপলোড সংক্রান্ত গঠিত উপ-কমিটির সদস্য ও সংস্থার প্রতিনিধিগণ তথ্য উপস্থাপনের ক্ষেত্রে সার্বিক সহযোগিতা প্রদান করবেন। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৪ | এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী ও সভার নোটিশ সংগ্রহের নিমিত্ত জেলা এনজিও পোর্টালে এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও প্রতিমাসের সভার কার্যবিবরণী নিয়মিতভাবে আপলোড করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৫ | এনজিওসমূহের কার্যক্রম মনিটরিং এর স্বার্থে উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিতভাবে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা আয়োজন করে পরবর্তী মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে মাসিক সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম |
| ৬ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের (www.kurigramngos.org.bd) ব্যয় নির্বাহের নিমিত্ত সকল সংস্থা কর্তৃক বার্ষিক ফি ৮০০/- টাকা সোনালী ব্যাংক লিঃ, চলতি হিঃ নং ৩৩০০১৪০২৪-এ জমাপূর্বক জমা রশিদের মূলকপি এ কার্যালয়ের সাধারণ শাখায় দাখিল করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ৭ | আগামী সভায় এইড কুমিল্লা, কুড়িগ্রাম তাদের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করবেন। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের সময় প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্প বাস্তবায়নে অন্তরায়, লক্ষ্যমাত্রা, অর্জন ইত্যাদি বিষয়ে সভায় উপস্থাপন করতে হবে। | এইড কুমিল্লা, কুড়িগ্রাম |
| ৮ | এক এনজিও হতে উপকারভোগীদের সংখ্যা অন্য এনজিও বা সরকারি দপ্তরের সাথে যাতে OVERELAPPING না হয় তা খেয়াল রাখতে হবে এবং সঠিক তথ্য উপস্থাপন করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ০৯ | জেলায় ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীকে বিকল্প কর্মসংস্থান ও পুনর্বাসনের মাধ্যমে কুড়িগ্রাম জেলাকে ভিক্ষুকমুক্ত জেলা হিসেবে ঘোষণা করার লক্ষ্যে সকল সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের ০১ দিনের মূলবেতনের সম-পরিমাণ অর্থ ''ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি'' নামীয় সোনালী ব্যাংক লিঃ, কুড়িগ্রাম শাখার চলতি হিসাব নং ৫২০৮৪০২০০১৫৬৩-তে জমাপূর্বক জমাকৃত টাকার তথ্য সভায় উপস্থাপন করতে হবে । | এনজিও কর্তৃপক্ষ |
| ১০ | সভায় বাল্যবিবাহ প্রতিরোধে সকল পর্যায়ের সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। কৃষিবান্ধব কর্মসূচি, মৎস্য ও পশু পালন, ফুলচাষ, খাঁচায় মাছ চাষ করার লক্ষ্যে সকল সংস্থাকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ ছাড়া মাল্টিমিডিয়ার মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |
| ১১ | প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় আগাম প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণসহ জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। দুর্যোগকালীন ত্রাণ বিতরণের ক্ষেত্রে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ত্রাণ বিতরণ কার্যক্রমসহ দুর্যোগ পূর্ব কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক জেলা প্রশাসন ও স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে এবং এনজিও প্রদত্ত সেবাসমূহ দৃশ্যমান ও জনবান্ধব করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৮/১৯

(মোছাঃ সুলতানা পারভীন)
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম
ও
সভাপতি, এনজিও বিষয়ক সমন্বয় কমিটি।

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০৮.১৮- ৮৪৮

তারিখঃ ২৪ শ্রাবণ ১৪২৬
০৮ আগস্ট ২০১৯

অনুলিপিঃ

০১। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার...................... (সকল), কুড়িগ্রাম।
০৪। ..........................................................................................

০৮/০৮/১৯

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
কুড়িগ্রাম।